সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭০৪

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৯. গণীমতের মাল আত্মসাতকারীর শাস্তি।

باب فِي عُقُوبَةِ الْغَالِّ

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، وَسَعِيدُ بْنُ مَنْصُورٍ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، ـ قَالَ النُّفَيْلِيُّ الأَنْدَرَاوَرْدِيُّ ـ عَنْ صَالِحِ بْنِ مُحَمَّدِ بْنِ زَائِدَةَ، ـ قَالَ أَبُو دَاوُدَ وَصَالِحٌ هَذَا أَبُو وَاقِدٍ ـ قَالَ دَخَلْتُ مَعَ مَسْلَمَةَ أَرْضَ الرُّومِ فَأُتِيَ بِرَجُلٍ قَدْ غَلَّ فَسَأَلَ سَالِمًا عَنْهُ فَقَالَ سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا وَجَدْتُمُ الرَّجُلَ قَدْ غَلَّ فَأَحْرِقُوا مَتَاعَهُ وَاضْرِبُوهُ " . قَالَ فَوَجَدْنَا فِي مَتَاعِهِ مُصْحَفًا فَسَأَلَ سَالِمًا عَنْهُ فَقَالَ بِعْهُ وَتَصَدَّقْ بِثَمَنِهِ .

বাংলা

২৭০৪. নুফায়লী ও সা’ঈদ ইবন মানসূর (রহঃ) ..... সালিহ্ ইবন মুহাম্মদ ইবন যায়েদাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি মাসলামার সাথে রোমে গিয়েছিলাম। সেখানে এক ব্যক্তিকে আনা হয়, যে গণীমতের মাল চুরি করেছিল। তখন তিনি (মাসলামা) এ ব্যাপারে সালিমকে জিজ্ঞাসা করেন। তিনি বলেনঃ আমি আমার পিতা ’আবদুল্লাহ্ ইবন ’উমার (রাঃ) হতে শুনেছি, যিনি ’উমার ইবন খাত্তাব (রাঃ) এর সূত্রে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। তিনি বলেছেনঃ যখন তোমরা এমন ব্যক্তিকে পাবে, যে গণীমতের মাল চুরি করেছে, তখন তোমরা তার সমস্ত মালামাল জ্বালিয়ে দেবে এবং তাকে মারধর করবে।

রাবী বলেনঃ আমরা তার মালপত্রের মাঝে একটা ’মাসহাফ’ (ধর্মগ্রন্থ) পাই। তখন তিনি (মাসলামা) সালিমকে এ ব্যাপারে জিজ্ঞাসা করলে তিনি বলেনঃ মাসহাফ বিক্রি করে তার মূল্য দান করে দাও।

English

Narrated Umar ibn al-Khattab:

Salih ibn Muhammad ibn Za'idah (AbuDawud said: This Salih is AbuWaqid)

said: We entered the Byzantine territory with Maslamah. A man who had been dishonest about booty was brought.

He (Maslamah) asked Salim about him. He said: I heard my father narrating from Umar ibn al-Khattab from the Prophet (ﷺ). He said: When you find a man who has been dishonest about booty, burn his property, and beat him. He beat him. He said: We found in his property a copy of the Qur'an. He again asked Salim about it. He said: Sell it and give its price in charity.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34812

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন